

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.২৭.০০২.১৮.২৬


তারিখ: ১৫ চৈত্র ১৪২৪

২৯ মার্চ ২০১৮

বিষয়: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ  
বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পরিদর্শন প্রতিবেদনের নিম্নোক্ত সুপারিশসমূহ এক মাসের মধ্যে  
বাস্তবায়ন করে মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ১। বিশ্ববিদ্যালয়ের ০৮ সদস্য বিশিষ্ট একটি বোর্ড অব ট্রাস্টিজ গঠন করা হয়েছে। এতে বেসরকারি বিশ্ববিদ্যালয়  
আইন-২০১০-এর ৬(১) ধারা লঙ্ঘন করা হয়েছে। কেননা উক্ত আইন অনুযায়ী অন্যান্য ০৯ এবং সর্বোচ্চ ২১ সদস্য  
বিশিষ্ট একটি বোর্ড অব ট্রাস্টিজ গঠন করতে হবে। উক্ত বোর্ড অব ট্রাস্টিজ ট্রাস্ট অ্যাক্ট ১৮৮২ অনুযায়ী সাব-রেজিস্ট্রি  
অফিসে রেজিস্ট্রি করতে হবে এবং সোসাইটিজ অ্যাক্ট ১৮৬০ অনুযায়ী রেজিস্ট্রেশন করতে হবে।
- ২। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০-এর ধারা ১৭(১) অনুযায়ী ১২ সদস্যবিশিষ্ট সিন্ডিকেট গঠন করে  
নিয়মিতভাবে সভা অনুষ্ঠান করতে হবে। সে সাথে একাডেমিক কাউন্সিল, পাঠ্যক্রম কমিটি, অর্থ কমিটি, জঞ্জি  
নিরোধ বিষয়ক ও শৃঙ্খলা কমিটি গঠনপূর্বক নিয়মিতভাবে সভা অনুষ্ঠান করতে হবে।
- ৩। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০-এর ধারা ২৯ অনুযায়ী কর্মকর্তা নিয়োগ করতে হবে।
- ৪। মাস্টার ক্লাস রুটিন তৈরী পূর্বক নিয়মিত ক্লাশ পরিচালনা করতে হবে।
- ৫। নীতিমালা অনুযায়ী জরুরী ভিত্তিতে শিক্ষক নিয়োগ করতে হবে।
- ৬। বিদ্যমান শিক্ষার্থীর অনুযায়ীও শিক্ষকের মারাত্মক ঘাটতি রয়েছে। কাজেই প্রয়োজনীয় শিক্ষক ও শিক্ষার উপযুক্ত  
পরিবেশ নিশ্চিত করতে হবে।
- ৭। শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীর কর্ম সন্তুষ্টির ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের কোন সঠিক পদক্ষেপ নেই। এমনকি তাদের  
নির্দিষ্ট বেতন কাঠামোও নেই বলে প্রতীয়মান হয়। কাজেই তাঁদের কর্ম সন্তুষ্টির ব্যাপারে বোর্ড অব ট্রাস্টিজকে  
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৮। চাকুরি প্রবিধানমালা ও স্ট্যাটিউটস তৈরী করে কমিশনে ও শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- ৯। গ্রন্থাগারের পরিসর ও বইয়ের সংখ্যা বৃদ্ধি করে লাইব্রেরি উন্নত করতে হবে।
- ১০। সংরক্ষিত তহবিলে নির্দিষ্ট পরিমাণ অর্থ (এফডিআর) রাখতে হবে। যা স্বয়ংক্রিয়ভাবে নবায়নযোগ্য হতে হবে।
- ১১। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০-এর ৪৪(২) ধারা অনুযায়ী বোর্ড অব ট্রাস্টিজ কর্তৃক মনোনীত  
বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তা এবং ড্রেজারার- এর যৌথ স্বাক্ষরে সাধারণ তহবিল পরিচালনা এবং বিশ্ববিদ্যালয়ের  
ব্যাংক হিসাব (গত ১ বছরের) ব্যাংক স্টেটমেন্ট কমিশনে প্রেরণ করতে হবে।
- ১২। নিয়মিত বিশ্ববিদ্যালয়ের আয়-ব্যয়ের হিসাব অডিট করে রিপোর্ট কমিশনে জমা দিতে হবে।
- ১৩। শিক্ষার্থীদের সহ-শিক্ষা কার্যক্রমের জন্য ড্রামা ক্লাব, আর্টস ক্লাব, কম্পিউটার ক্লাব ইত্যাদি ক্লাব তৈরী করতে  
হবে।
- ১৪। মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী শীঘ্রই Sexual Harassment সম্পর্কিত কমিটি গঠন ও এ  
সংক্রান্ত অভিযোগ দাখিল করার নিমিত্তে অভিযোগ বাস্তু স্থাপন করতে হবে।



৯-৩-২০১৮

জিনাত রেহানা

উপ-সচিব

চেয়ারম্যান

বোর্ড অব ট্রাস্টিজ টাইমস্ ইউনিভার্সিটি, বাংলাদেশ ৫৭, অম্বিকা

সড়ক, ঝিলটুলি, ফরিদপুর।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.২৭.০০২.১৮.২৬/১(৩)

তারিখ: ১৫ চৈত্র ১৪২৪

২৯ মার্চ ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
- ২) সচিব এর একান্ত সচিব (প্রতিকল্প), সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৯-৩-২০১৮

জিনাত রেহানা

উপ-সচিব